গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
(মেট্রোরেলের স্বত্বাধিকারী প্রতিষ্ঠান)
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.১০১.১১.০০১.২৩-১৮০

তারিখ: ২১ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
০৪ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি-১ লাইন-১

শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর আওতায় সেপ্টেম্বর ২০১৯ হতে ডিসেম্বর ২০২৬ মেয়াদে বাস্তবায়নাধীন জাতীয় গুরুত্বপূর্ণ Fast Track ভুক্ত ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর নিম্নলিখিত শূন্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের লক্ষ্যে কোম্পানির আকর্ষণীয় বেতন স্কেলে নিম্নেবর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম ও কোম্পানির বেতন গ্রেড	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	হিসাবরক্ষক কোম্পানির বেতন গ্রেড-১৪	০১(এক)টি	হিসাব বিজ্ঞান অথবা ফাইন্যান্স অথবা ব্যবসায় প্রশাসনে অন্যূন স্নাতক ডিগ্রি; এবং স্নাতকে প্রথম শ্রেণি অথবা ৪.০০ স্কেলে অন্যূন সিজিপিএ ৩.০০ থাকতে হবে	• অনুমোদিত কোন প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ৬ মাসের মৌলিক প্রশিক্ষণ; এবং • হিসাবরক্ষক হিসেবে কমপক্ষে ০১ (এক) বছরের কাজের অভিজ্ঞতা
২.	স্টোর কিপার কোম্পানির বেতন গ্রেড-১৪	০১(এক)টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি	• অনুমোদিত কোনো প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ৬ মাসের মৌলিক প্রশিক্ষণ
৩.	অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর কোম্পানির বেতন গ্রেড-১৬	১৯(উনিশ)টি	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি	• অনুমোদিত কোনো প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে কম্পিউটার বিষয়ে কমপক্ষে ৬ মাসের মৌলিক প্রশিক্ষণ; • কম্পিউটার অপারেটর হিসেবে কমপক্ষে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা; এবং • কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ ও ইংরেজিতে ৩০ শব্দ। প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হবে।

শর্তসমূহ:

১। শুধুমাত্র প্রকল্প মেয়াদের জন্য সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ করা হবে। তবে প্রকল্প সমাপ্তির পর Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এ নিয়োগের সুযোগ থাকলে কর্মসক্ষমতা ও দক্ষতার ভিত্তিতে অগ্রাধিকার পাবেন।

২। প্রার্থীকে Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরমের নমুনা Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

৩। নিয়োগ বিজ্ঞপ্তি বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়নের ওয়েবসাইট www.bangladesh.gov.bd, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইট www.rthd.gov.bd এবং Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd হতে সংগ্রহ করা যাবে।

৪। আবেদনপত্রের সঙ্গে আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদি **প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (কর্মকর্তার নাম ও সীলযুক্ত)** করে সংযুক্ত করতে হবে:

(ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি;
(খ) জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি;
(গ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি;
(ঘ) সকল প্রশিক্ষণ ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্রের ছায়ালিপি; এবং
(ঙ) প্রার্থীর নিজ এলাকার স্থানীয় পরিষদ প্রধান (যেমনঃ সিটি কর্পোরেশন মেয়র বা কাউন্সিলর, পৌরসভার মেয়র বা কমিশনার অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান) কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

৫। শিক্ষাক্ষেত্রে কোনো পর্যায়ে ৩য় শ্রেণী/বিভাগ এবং সমমানের জিপিএ ফলাফল প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।

৬। পরীক্ষার ফি বাবদ **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**-এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সোনালী ব্যাংকের যে কোনো শাখা হতে করে মূল কপি (অফেরতযোগ্য) আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৭। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদনপত্র দাখিলের শেষ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধাদের সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ সংখ্যক স্মারক মোতাবেক প্রার্থীর বয়স ২৫ মার্চ ২০২০ তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে আবেদন করতে পারবেন।

৮। মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাকে পিতা/মাতার মুক্তিযুদ্ধে অংশগ্রহণের প্রমাণক হিসেবে মুক্তিযোদ্ধা সনদের ছায়ালিপি **প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (কর্মকর্তার নাম ও সীলযুক্ত)** করে আবেদনের সঙ্গে দাখিল করতে হবে।

৯। প্রতিবন্ধী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে সনদপত্র গ্রহণ করে উহার ছায়ালিপি **প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (কর্মকর্তার নাম ও সীলযুক্ত)** করে আবেদনের সঙ্গে দাখিল করতে হবে। পদের কর্মের প্রকৃতিগত কারণে কোন কোন পদে প্রতিবন্ধী প্রার্থী নিয়োগ করা যাবে তা কর্তৃপক্ষ নির্ধারণ করবে।

১০। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লেখিত জন্ম তারিখ অনুযায়ী প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

১১। খামের উপর বাম দিকে **পদের নাম এবং নিয়োগ বিজ্ঞপ্তি-১ লাইন-১** উল্লেখ করতে হবে।

১২। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত/কোম্পানি/প্রকল্পে কর্মরত আগ্রহী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

১৩। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত বিবেচিত প্রার্থীদের কম্পিউটার বিষয়ক ব্যবহারিক পরীক্ষার জন্য প্রথমে ডাকা হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ডাকা হবে। উভয় পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

১৪। কোনো পর্যায়ের পরীক্ষায় অংশগ্রহনের জন্য প্রার্থীদের কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। লিখিত পরীক্ষার সময় প্রয়োজনীয় প্রস্তুতিসহ কলম/পেন্সিল/অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম সঙ্গে আনতে হবে। প্রবেশ পত্রে প্রদত্ত নির্দেশনাও এই ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৬। মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের সময় প্রার্থীকে অবশ্যই সকল সনদ, জাতীয় পরিচয় পত্র ও নাগরিকত্ব সনদ, অভিজ্ঞতা ও প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) এর মূল কপি প্রদর্শন করতে হবে।

১৭। আবেদনপত্র যাচাই-বাছাই ও নিয়োগের ক্ষেত্রে প্রকল্প কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮। যে কোনো বা সকল দরখাস্ত বা নিয়োগ কার্যক্রম বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৯। কর্তৃপক্ষ, কোম্পানি/সরকারি বিধি-বিধানের সঙ্গে সাংঘর্ষিক নয় এমন কোনো শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

২০। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে শারীরিক সুস্থতার সনদপত্র যোগদানপত্রের সঙ্গে দাখিল করতে হবে। যোগদানের পর পর প্রকল্প কর্তৃপক্ষের তত্ত্বাবধানে কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা থেকে প্রার্থীকে নিজ ব্যয় ও ব্যবস্থাপনায় ডোপ টেস্ট করতে হবে। প্রয়োজনে চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানির নির্ধারিত চিকিৎসক/চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্যপরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

২১। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানিতে যোগদানের সময় ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা ও মুচলেকা সম্পাদন করতে হবে।

২২। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় ০৩ (তিন) কপি পুলিশ ভেরিফিকেশন ফরম যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করে দাখিল করতে হবে। পুলিশ ভেরিফিকেশন ফরম DMTCL এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd-এ পাওয়া যাবে।

২৩। প্রথমে ০১ (এক) বৎসরের প্রবেশনে (শিক্ষানবিশকাল) নিয়োগ প্রদান করা হবে। শিক্ষানবিশকালে কর্মসক্ষমতা ও দক্ষতা এবং পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে চাকুরি হতে অব্যাহতি দেয়া হবে। প্রবেশনকাল সফলতার সঙ্গে সম্পন্ন করলে চাকুরী নিশ্চিত করে প্রকল্প মেয়াদের জন্য নিয়োগ প্রদান করা হবে।

২৪। কোনো প্রার্থী কোনো তথ্য গোপন করলে বা ভুল/মিথ্যা তথ্য প্রদান করলে অথবা প্রতারণার আশ্রয় নিলে নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে কোনো নোটিশ প্রদান ব্যতিরেকে তাৎক্ষণিক প্রার্থীর প্রার্থীতা/নিয়োগ বাতিল করা হবে। অপরাধের ধরন ও মাত্রা বিবেচনায় আবেদনকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থাও গ্রহণ করা হবে।

২৫। যে কোনো ধরনের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২৬। (ক) আবেদনপত্র **আগামী ১০ মে ২০২৩ তারিখ** অফিস সময়ের মধ্যে কেবলমাত্র ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে **ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০** এর বরাবরে পৌঁছাতে হবে।

(খ) হাতে হাতে কোন আবেদনপত্র দাখিল করা যাবে না। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

(গ) প্রার্থীকে নিজ বর্তমান ঠিকানা স্পষ্টভাবে ৯" × ৪" আকারের খামের উপরে লিখে বা টাইপ করে উহাতে ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট লাগিয়ে আবেদনপত্রের সঙ্গে অবশ্যই দাখিল করতে হবে।

২৭। উপরের **ক্রমিক-১ থেকে ক্রমিক-২৫ এ বর্ণিত** শর্তসমূহ পূরণকারী তৃতীয় লিঙ্গের প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

২৮। শুধুমাত্র ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) [ই/এস]-এ কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে শর্ত শিথিলযোগ্য।

০৪/০৪/২৩

(মোঃ আবুল কাসেম ভূঁঞা)
প্রকল্প পরিচালক
ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১)